

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নামের আযাবের ভয়াবহতা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জাহান্নামের আযাবের ভয়াবহতা

জাহান্নামের আযাব এত কঠিন ও ভয়ানক হবে যে, তার মুক্তিপণ হিসাবে দুনিয়ার সবকিছু দিতে পারলে তা দিয়ে জাহান্নামী মুক্তি কামনা করবে। মহান আল্লাহ বলেন,

إِنَّ الَّذِينَ كَفَرُوا لَوْ أَنَّ لَهُم مَّا فِي الْأَرْضِ جَمِيعًا وَمِثْلَهُ مَعَهُ لِيَفْتَدُوا بِهِ مِنْ عَذَابِ يَوْمِ الْقِيَامَةِ مَا تُقُبِّلَ مِنْهُمْ ۗ اَ وَكُهُمْ عَذَابٌ أَلِيمٌ

অর্থাৎ, যারা অবিশ্বাস করেছে পৃথিবীতে যা কিছু আছে, যদি তাদের তার সমস্ত থাকে এবং তার সাথে সমপরিমাণ আরো থাকে এবং কিয়ামতের দিন শাস্তি হতে মুক্তির জন্য পণস্বরূপ তা দিতে চায়, তবুও তাদের নিকট হতে তা গৃহীত হবে না এবং তাদের জন্য মর্মন্তুদ শাস্তি বর্তমান। (মাইদাহঃ ৩৬)

يَوَدُّ الْمُجْرِمُ لَوْ يَفْتَدِي مِنْ عَذَابِ يَوْمِئِذٍ بِبَنِيهِ (11) وَصَاحِبَتِهِ وَأَخِيهِ (12) وَفَصِيلَتِهِ الَّتِي تُؤْوِيهِ (13) وَمَن فِي الْأَرْض جَمِيعًا ثُمَّ يُنجِيهِ (14)

অর্থাৎ, অপরাধী সেই দিনে শাস্তির বদলে দিতে চাইবে নিজ সন্তানসন্ততিকে। তার স্ত্রী ও ভাইকে। তার জ্ঞাতি-গোষ্ঠীকে, যারা তাকে আশ্রয় দিত। এবং পৃথিবীর সকলকে, যাতে এই মুক্তিপণ তাকে মুক্তি দেয়। (মাআরিজঃ ১১-১৪)

মহানবী (ﷺ) বলেন, "জাহান্নামের সবচেয়ে কম আযাবের একটি লোককে আল্লাহ তাবারাকা অতাআলা জিজ্ঞাসা করবেন, তোমার যদি দুনিয়া ও তন্মধ্যস্থিত সব কিছু হতো, তাহলে মুক্তিপণ হিসাবে তা দিয়ে কি মুক্তি নিতে?" সে বলবে, হ্যাঁ। আল্লাহ বলবেন, তুমি যখন আদমের পিঠে ছিলে, তখন আমি তোমার নিকট থেকে এর চাইতে সহজ জিনিস চেয়েছিলাম যে, তুমি শির্ক করো না, তোমাকে জাহান্নামে দেব না। কিন্তু তুমি শির্কই করেছ। (বুখারী, মুসলিম)।

জান্নাতের অবর্ণনীয় সুখ দেখে জান্নাতী যেমন দুনিয়ার সকল দুঃখ-ব্যথা ভুলে যাবে, তেমনি জাহান্নামের কঠিন আযাব দেখে জাহান্নামী দুনিয়ার সকল সুখ-স্বাচ্ছন্দ্য বিস্মৃত হবে।

রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, "কিয়ামতের দিন জাহান্নামীদের মধ্য হতে এমন এক ব্যক্তিকে নিয়ে আসা হবে, যে দুনিয়ার সবচেয়ে সুখী ও বিলাসী ছিল। অতঃপর তাকে জাহান্নামে একবার (মাত্র) চুবানো হবে, তারপর তাকে বলা হবে, হে আদম সন্তান! তুমি কি কখনো ভাল জিনিস দেখেছ? তোমার নিকটে কি কখনো সুখ-সামগ্রী এসেছে? সে বলবে, না। আল্লাহর কসম! হে প্রভু! আর জান্নাতীদের মধ্য হতে এমন এক ব্যক্তিকে নিয়ে আসা হবে, যে দুনিয়ার সবচেয়ে দুঃখী ও অভাবী ছিল। তাকে জান্নাতে (মাত্র একবার) চুবানোর পর বলা হবে, হে আদম সন্তান! তুমি কি (দুনিয়াতে) কখনো কন্ট দেখছ? তোমার উপরে কি কখনো বিপদ গেছে?" সে বলবে, না। আল্লাহর কসম! আমার উপর কোনদিন কন্ট আসেনি এবং আমি কখনো কোন বিপদও দেখিনি।" (মুসলিম)





• Source — https://www.hadithbd.com/books/link/?id=12238

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন